মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/পনি/এসএসসি/২০২৫/১৩৪৩ তারিখ : ১৩/১০/২০২৫ খ্রিঃ

**মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের e-TIF পূরণ এবং হালনাগাদ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি**

**e-TIF পূরণের নির্দেশনাসমূহঃ**

১। প্রতিষ্ঠান প্রধান কর্মরত সকল শিক্ষকের e-TIF পূরণ নিশ্চিত করবেন।

২। একজন শিক্ষক কেবল ০১ (এক) টি বিষয়ে আবেদন করবেন। তবে তিনি যে বিষয়ে নিয়োগপ্রাপ্ত/পাঠদান করেন কেবল সেই বিষয়েই আবেদন করবেন।

৩। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের আওতাধীন শুধু মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ e-TIF পূরণ করবেন। Non-MPO, খণ্ডকালীন, অনিয়মিত এবং গুরুতর অসুস্থ শিক্ষকদের তথ্য e-TIF -এ পূরণ করা যাবে না।

৪। শিক্ষকদের ডাটা পূরণের সময় অবশ্যই সোনালী/রুপালী ব্যাংকের (১৩ ডিজিটের) হিসাব নম্বর প্রদান করবেন। ব্যাংকের শাখার নাম, উপজেলা ও জেলার নাম অবশ্যই পূরণ করতে হবে।

৫। e-TIF পূরণের সময় কর্মরত শিক্ষকগণ চাকুরিতে প্রথম যোগদানের তারিখ এবং নিজ নামে নিবন্ধিত সচল মোবাইল নাম্বার উল্লেখ করবেন (যে নাম্বারে কল/মেসেজ পেতে ইচ্ছুক)।

**৫। ইনডেক্সধারী শিক্ষকগণ অবশ্যই তাদের ইনডেক্স নাম্বার পূরণ করবেন। সরকারি প্রতিষ্ঠানের শিক্ষকগণ নিজ আইডি নাম্বার পূরণ করবেন।**

**৬। সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন ও পরিশোধন বিষয়ক প্রশিক্ষণ থাকলে (ঢাকা/আঞ্চলিক পর্যায়ে) সংশ্লিষ্ট তথ্য পূরণ করবেন। ইতোপূর্বে e-TIF-ভুক্ত শিক্ষকগণ সৃজনশীল প্রশিক্ষণ সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করতে পারবেন।**

৬। যেসকল শিক্ষক বদলি হয়ে অন্যত্র গমন করেছেন তাদের নাম প্রতিষ্ঠান প্রধান e-TIF থেকে বাদ দিবেন এবং বদলিকৃত প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান তার নাম e-TIF-এ অন্তর্ভুক্ত করবেন।

**৬। অবসর গমন/মৃত্যুজনিত/অন্য কোনো কারণে কর্মরত কোনো শিক্ষকের পদ শূন্য হলে তার নাম প্রতিষ্ঠান প্রধান e-TIF থেকে delete করবেন। ইতোমধ্যে যেসকল Non-MPO শিক্ষক e-TIF পূরণ করেছেন, প্রতিষ্ঠান প্রধান তাদের নাম তালিকা থেকে delete করবেন।**

৭। e-TIF পূরণকৃত শিক্ষকদের সকল সনদ ও নিয়োগ সংক্রান্ত তথ্যাদি প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন। প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষকে সরবরাহ করতে বাধ্য থাকবেন।

৮। e-TIF পূরণে কোনো শিক্ষকের তথ্য অসত্য প্রমাণিত হলে ডাটাবেজ থেকে তার নাম স্থায়ীভাবে বাদ দেওয়া হবে।

৯। প্রতিষ্ঠান প্রধানের তত্ত্বাবধানে বিষয়ভিত্তিক শিক্ষকগণ e-TIF পূরণ করবেন। e-TIF-এ কোনো ভুল তথ্য পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

১০। e-TIF পূরণ সংক্রান্ত তথ্য আগামী ১৫-১০-২০২৫ থেকে ২৫-১১-২০২৫ তারিখের মধ্যে অবশ্যই বোর্ডের Online-এ Update করতে হবে। e-TIF পূরণকৃত শিক্ষকদের Print Copy প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন।

১৩. ১০. ২০২৫
প্রফেসর জি, এম, শহীদুল ইসলাম (৭০৪৯)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
ফোন- ০২-৪৭৮৮৩৪৩৭০

**অধ্যক্ষ/প্রধান শিক্ষক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল-এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।